

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-১৮৯-আইন/২০১২/৬৪৭-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৬ জ্যৈষ্ঠ, ১৪১২ মোতাবেক ৯ জুন, ২০০৫ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৭-আইন/২০০৫/৪৪৮-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনা অংশে উল্লিখিত “শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠানের” শব্দগুলির পরিবর্তে “শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক ও রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠানের” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ড. নাসিরউদ্দীন আহমেদ]
সচিব



*Your complimentary
use period has ended.
Thank you for using
PDF Complete.*

[*Click Here to upgrade to
Unlimited Pages and Expanded Features*](#)